

## **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪৭৫৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৭৬]

৩৪। প্রশাসন ও নেতৃত্ব (کتاب الإمارة)

পরিচ্ছেদঃ ২৮. জিহাদে ও আল্লাহর পথে বের হওয়ার মাহাত্ম্য

باب فَضْل الْجِهَادِ وَالْخُرُوجِ فِي سَبِيلِ اللَّهِ

## আরবী

وَحَدَّتَنِي زُهَيْرُ بْنُ حَرْب، حَدَّتَنَا جَرِيرٌ، عَنْ عُمَارَةَ، \_ وَهُوَ ابْنُ الْقَعْقَاعِ \_ عَنْ أَبِي ذُرْعَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " تَضمَمَّنَ اللَّهُ لِمَنْ خَرَجَ فِي سَبِيلِهِ لاَ يُخْرِجُهُ إِلاَّ جِهَادًا فِي سَبِيلِي وَإِيمَانًا بِي وَتَصِيْدِيقًا بِرُسُلِي فَهُو عَلَىَّ ضَامِنٌ أَنْ أُدْخِلَهُ الْجَنَّةَ أَوْ أَرْجِعَهُ إِلَى مَسْكَنِهِ الَّذِي خَرَجَ مِنْهُ نَائِلاً مَا نَالَ مِنْ أَجْرٍ أَقْ غَنِيمَةٍ . وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيدِهِ مَا مِنْ كُلْمٍ يُكُلُمُ فِي سَبِيلِ اللَّهِ إِلاَّ جَاءَ يَوْمَ الْقِيَامَةِ عَنِيمَةٍ . وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيدِهِ مَا مِنْ كُلْمٍ يُكُلُمُ فِي سَبِيلِ اللَّهِ إِلاَّ جَاءَ يَوْمَ الْقِيَامَةِ كَهَيْتَةٍ حِينَ كُلِمَ لَوْنُهُ لَوْنُ دَمٍ وَرِيحُهُ مِسْكٌ وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيدِهِ لَوْلاَ أَنْ يَشُقَّ عَلَى اللَّهِ أَبِدًا وَلَكِنْ لاَ أَجِدُ سَعَةً فَأَحْمِلَهُمْ الْمُسْلِمِينَ مَا قَعَدْتُ خِلاَفَ سَرِيَّةٍ تَغْزُو فِي سَبِيلِ اللَّهِ أَبَدًا وَلَكِنْ لاَ أَجِدُ سَعَةً فَأَحْمِلَهُمْ وَلاَ يَتِهُ مَنْ مُحَمَّد بِيدِهِ لَوَدِدْتُ أَنِي وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيدِهِ لَوَدِدْتُ أَنِي وَلاَ أَيْنَ وَلَوْلَ عَلَيْهِمْ أَنْ يَتَخَلَّفُوا عَنِي وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيدِهِ لَوَدِدْتُ أَنِي وَلاَ يَي وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيدِهِ لَودُرْتُ أَيْقِ وَلاَ عَنِي وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيدِهِ لَوَدِرْتُ أَنِي اللَّهِ فَا عُنُونَ فَأَقْتَلُ اللَّهِ فَا عُنُونَ فَأَقْتَلُ اللَّهِ فَا عُنُونُ وَ فَأَقْتَلُ اللَّهِ فَا عُنُونَ فَا عُنُونَ وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيدِهِ لَوَدِرْتُ أَنِّ يَعْرُونُ فَا عُنُونُ وَاللَّهُ اللَّهُ فَا اللَّهُ فَا اللَّهُ مَا لَاللَهُ فَا اللَّهِ فَا عُنْ عُنُونُ وَا فَأَقْتَلُ اللَّهِ فَالْمَالِ اللَّهُ فَا لَا اللَهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُونُ وَا فَالْمُونُ الْمَالِقُ اللَّهُ اللَّهُ مُنْ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ

## বাংলা

৪৭৫৩-(১০৩/১৮৭৬) যুহায়র ইবনু হারব (রহঃ) ...... আবূ হুরাইরাহ্ (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা সে ব্যক্তির দায়িত্ব স্বহস্তে তুলে নিয়েছেন যে ব্যক্তি তারই রাস্তায় বের হয়। আমারই রাস্তায় জিহাদ, আমার প্রতি ঈমান এবং আমার রস্লের প্রতি দৃঢ় বিশ্বাসই তাকে ঘর থেকে বের করে তখন আমারই যিম্মায় বর্তায় যে, আমি তাকে জান্নাতে প্রবেশ করিয়ে দেবো নতুবা সে তার যে বাসস্থান থেকে বেরিয়েছিল, তার প্রাপ্য সাওয়াব গনীমাতসহ তাকে সেখানে ফিরিয়ে আনবো। কসম সে পবিত্র সন্তার যার হাতে মুহাম্মাদের প্রাণ! আল্লাহ তা'আলার পথে যে ব্যক্তি যে পরিমাণই যখম হয় না কেন, কিয়ামতের দিন সে ঠিক যখম অবস্থায়ই আসবে; তার বর্ণ হবে রক্ত বর্ণ আর ঘ্রাণ হবে কস্তুরীর।

কসম সে পবিত্র সন্তার যার হাতে মুহাম্মাদের প্রাণ! যদি মুসলিমদের জন্য কষ্টকর না হতো তবে আমি কখনো আল্লাহর রাস্তায় জিহাদের অভিযানে লিপ্ত দলে যোগদান না করে ঘরে বসে থাকতাম না। কিন্তু আমার কাছে এমন



সামর্থ্য নেই যে, যারা আল্লাহর পথে জিহাদ করেন তাদের সকলকে বাহন দান করবাে, আর তাদের নিজেদেরও সে সঙ্গতি নেই (যে, নিজেরাই নিজেদের বাহন নিয়ে বের হবে)। আর তাদের জন্যে এটা খুবই কষ্টকর হবে যে, (আমি যুদ্ধে বেরাবার পর আমার সঙ্গে না গিয়ে) তারা পিছনে পড়ে থাকবে। কসম সে পবিত্র সত্তার যার হাতে মুহাম্মাদের প্রাণ! আমার একান্ত ইচ্ছা হয় আল্লাহর রাস্তায় জিহাদ করি আর তাতে শহীদ হই, তারপর আবার জিহাদ করি, আবারও শহীদ হই, আবারও জিহাদ করি, আবারও শহীদ হই। (ইসলামিক ফাউন্ডেশন ৪৭০৬, ইসলামিক সেন্টার ৪৭০৭)

## **English**

It has been narrated on the authority of Abu Huraira that the Messenger of Allah (may peace upon him) said:

Allah has undertaken to look after the affairs of one who goes out to fight in His way believing in Him and affirming the truth of His Apostles. He is committed to His care that Re will either admit him to Paradise or bring him back to his home from where he set out with a reward or (his share of) booty. By the Being in Whose Hand is the life of Muhammad. If a person gets wounded in the way of Allah, he will come on the Day of Judgment with his wound in the same condition as it was when it was first inflicted: its colour being the colour of blood but its smell will be the smell of musk. By, the Being in Whose Hand is Muhammad's life, if it were not to be too hard upon the Muslime. I would not lag behind any expedition which is going to fight in the cause of Allah. But I do not have abundant means to provide them (the Mujahids) with riding beasts, nor have they (i. e. all of them) abundant means (to provide themselves with all the means of Jihad) so that they could he left behind. By the Being in Whose Hand is Muhammad's life, I love to fight in the way of Allah and be killed, to fight and again be killed and to fight again and be killed.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন